

প্রথম আলো

প্রথম আলো, ১৯-১০-২০২৩ পৃষ্ঠা-০৬

ইস্ট ওয়েস্টের উপাচার্য হলেন শাম্‌স রহমান

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক শাম্‌স রহমান। তিনি বিশ্ববিদ্যালয়টির ষষ্ঠ উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করবেন। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন চার বছরের জন্য তাঁকে এ পদে নিয়োগ দিয়েছেন।



শাম্‌স রহমান

গতকাল বুধবার রাজধানীর আফতাব নগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে উপাচার্য শাম্‌স রহমানকে স্বাগত জানান বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও প্রতিষ্ঠাতা উপাচার্য অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন।

গতকাল এক বিজ্ঞপ্তিতে বলা হয়, শাম্‌স রহমান অস্ট্রেলিয়ার মেলবোর্নের আরএম আইটি বিশ্ববিদ্যালয়ের সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট বিভাগের অধ্যাপক। বিজ্ঞপ্তি